



## ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়

সরিষা, ডায়মণ্ড হারবার রোড, দক্ষিণ ২৪ পরগনা, পিন ৭৪৩৩৬৮

দূরভাষ ০৩১৭৪-২৪৫৮০১

### দ্বিতীয় বাৎসরিক সমাবর্তন ২০১৯

[স্নাতকোত্তর উপাধি (ডিগ্রি) প্রাপকদের জন্য]

ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বাৎসরিক সমাবর্তন অনুষ্ঠিত হবে আগামী ১৪ মার্চ ২০১৯ বৃহস্পতিবার। স্থানঃ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ। সময় সকাল ১০.৩০ টা।

১। উপরিউল্লিখিত উপাধি প্রাপকদেরকে সমাবর্তন-স্থলে ১৪ মার্চ ২০১৯ বৃহস্পতিবার তারিখে সকাল ১০টার মধ্যে আসন গ্রহণ করতে হবে। অন্যথায় সেই প্রার্থীকে সমাবর্তনে অংশগ্রহণ করার অনুমতি দেওয়া হবে না।

২। সমাবর্তনের নিয়মাবলী বা সমাবর্তন সম্পর্কিত নির্দিষ্ট কর্তব্য পালনে ব্যর্থ উপাধিপ্রার্থীকে উপাধি গ্রহণের অনুমতি দেওয়া হবে না।

৩। সমাবর্তনে অনুপস্থিত উপাধিপ্রার্থীদের ক্ষেত্রে পূর্বে নির্ধারিত ফর্মে তাদের উল্লিখিত বাড়ির ঠিকানায় সমাবর্তনের তারিখ থেকে ছয় সপ্তাহ পরে উপাধিপত্র (Degree Certificate) রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পাঠিয়ে দেওয়া হবে।

৪। সমাবর্তনের পোশাকঃ

মহিলাদের ক্ষেত্রে-- সবুজ পাড়ের সাদা শাড়ি, সাদা ব্লাউজ/ সাদা সালোয়ার কামিজ এবং সবুজ দোপাট্টা।

৫। প্রত্যেক উপাধি প্রাপককে একজন করে অতিথি সঙ্গে নিয়ে আসার অনুমতি দেওয়া হবে, সেজন্য একটি অনুমতিপত্র প্রদত্ত হবে।

৬। শুধুমাত্র উপাধি প্রাপক এবং অনুমতিপত্রধারীরাই সমাবর্তন-স্থলে প্রবেশের অনুমতি পাবে।

৭। বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফর্ম পূরণপূর্বক নির্ধারিত অর্থ প্রদান করে নির্দিষ্ট সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সমাবর্তনে উপস্থিত থাকার বিষয়ে সম্মতি না জানালে কোনো উপাধি প্রাপককেই সমাবর্তনের দিন আসনগ্রহণের অনুমতি দেওয়া হবে না।

৮। ফর্ম পূরণ ও অর্থ প্রদান অনলাইন পদ্ধতিতে হবে।

## শিক্ষার্থীদের জন্য সাধারণ নিয়মাবলী

- দ্বিতীয় সমাবর্তনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদেরকে অবশ্যই নির্ধারিত ফর্ম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। এই সম্পর্কিত কাজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.dhvu.ac.in](http://www.dhvu.ac.in)) থেকে অনলাইনে করা যাবে। ফর্ম ও টাকা জমা দেওয়ার তারিখ ২৫-০২-২০১৯ থেকে ১০-০৩-২০১৯ পর্যন্ত।
- যারা অনলাইন ফর্মে আবেদন করতে পারবে না তারা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ামক মহাশয়ের দপ্তরে যোগাযোগ করতে পারে।
- সমস্ত উপাধিপত্র প্রাপকদেরকে প্রাসঙ্গিক আবেদনপত্র অনলাইনে পূরণ করে জমা দিতে হবে ও ৫০০ টাকা প্রদান করতে হবে।
- বিশ্ববিদ্যালয়ের “উত্তরীয়” সংগ্রহঃ  
সমাবর্তনের দিন অর্থাৎ ১৪ মার্চ ২০১৯ তারিখে সকাল ৯টা থেকে ফর্ম জমা দেওয়ার পরে প্রাপ্ত রশিদ দেখিয়ে প্রবেশের অনুমতিপত্রটি জমা দেওয়ার পর নির্ধারিত সময় মেনে সমাবর্তনস্থলে প্রবেশের জন্য নির্ধারিত “উত্তরীয়” সংগ্রহ করতে হবে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক বিল্ডিং/সমাবর্তন স্থল থেকে।
- উপাধিপ্রার্থীদের থেকে ১০.০৩.২০১৯ তারিখ পর্যন্ত প্রাপ্ত আবেদনপত্রের ভিত্তিতে তৈরি মেধাতালিকার ক্রম অনুসারে সমাবর্তনের দিনে উপাধিপত্র প্রদত্ত হবে। এজন্য প্রস্তুত বিষয়ভিত্তিক মেধাতালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নির্দিষ্ট সময়ে প্রকাশিত হবে। সমাবর্তন সংক্রান্ত সর্বশেষ খবর জানার জন্য সমস্ত উপাধিপ্রাপককে নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নজর রাখতে বলা হচ্ছে।
- পদক প্রাপকদের জন্যঃ  
১০.০৩.২০১৯ তারিখে বা তার পরে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পদক প্রাপকদের তালিকা পাওয়া যাবে।
- সমাবর্তনে অংশগ্রহণের পর শিক্ষার্থী/উপাধিপ্রাপকদেরকে বিশ্ববিদ্যালয়ের “উত্তরীয়”টি “উত্তরীয় গ্রহণ কেন্দ্রে” (অ্যাকাডেমিক বিল্ডিং/সমাবর্তন স্থলে) সমাবর্তন সমাপ্তির পর সেই দিনেই জমা দিতে হবে।
- শিক্ষার্থীদেরকে সমাবর্তনে অংশগ্রহণের জন্য মোট পাঁচশত টাকা (৫০০/-) জমা দিতে হবে (তিনশত টাকা সমাবর্তনে উপস্থিত থাকার নাম নথিভুক্তির জন্য এবং দুইশত টাকা “উত্তরীয়” সংগ্রহের জন্য জমাকৃত অর্থ, যা “উত্তরীয়” জমা দেওয়ার পর ফেরতযোগ্য)।
- সকল ডিগ্রী প্রাপকদের নিয়মিত ওয়েবসাইট দেখার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।
- যদি অনলাইন ফর্ম ফিলাপ ও টাকা জমা দিতে কোনও অসুবিধা হয়ে থাকে, যোগাযোগ করতে হবে অভিজিৎ ব্যানার্জী (৯৪৭৫২০১১২২), কুমারাদিত্য সরকার (৭৭৯৭১৯৪৭৭১), ইন্দ্রজিৎ পাল (৭০০৩৫৭০৮৫৫)।

স্বাক্ষরিত-

নিবন্ধক

ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়